গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
বান্দরবান
ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com

স্মারকনং- ২৯.৩৫.০৩০০.০০০.০০৩.১৪.০২০৮.২৬ .৩৮২

তারিখ : ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক "প্রজনন স্বাস্থ্য (মাতৃও শিশু স্বাস্থ্য) সুরক্ষায় বান্দরবান পার্বত্য জেলার সুবিধা বঞ্চিত দরিদ্র নারীদের জন্য মিডয়াইফারি শিক্ষা সম্প্রসারণ ও সেবা কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক উন্নয়ন স্কীম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প মেয়াদে (জেলার মিডয়াইফারি শিক্ষা ও সেবা সম্প্রসারনের মাধ্যম্যে মাতৃ ও নবজাতকের স্বাস্থ্য সুরক্ষা করা তথা মাতৃ মৃত্যুর হার হ্রাসসহ জেলার দুর্গম পার্বত্য এলাকায় বসবাসকারী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সহ সুবিধা বঞ্চিত ছাত্রীদেরকে বেসরকারি মিডওয়াইফার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্য বৃত্তিপ্রদান, 'মিডওয়াইফারি-লেডকেয়ার' এর আওতা বৃদ্ধি করা, প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য গর্ভবতী মায়েদের পরিবহন সুবিধা ও খাদ্য সহায়তা, রেফারেল সহায়তা প্রদান ইত্যাদি) কার্যক্রম বাস্তবায়নে বান্দরবান পার্বত্য জেলা পরিষদকে সহায়তাকরণের জন্য প্রকল্প মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প কার্যক্রমে দক্ষ, অভিজ্ঞ ও যোগ্যতা সম্পন্ন ১ (এক) টি স্থানীয় এনজিও পরামর্শক (কনসালটেন্ট) এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে/ ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ০৮ (আট) জন মিডওয়াইফ নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম/ প্রতিষ্ঠান	পদ/ প্রতিষ্ঠানের সংখ্যা	সর্বসাকুল্যে বেতন	বয়স সীমা	যোগ্যতা/শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	কার্যপরিধি	যে জেলার প্রার্থিগণ আবেদন করতে পারবেন
০১	এনজিও পরামর্শক	০১ টি	চুক্তি সম্পাদনের তারিখ হতে মাসিক সর্বসাকুল্যে ৮০,০০০/- (আশি হাজার টাকা)	প্রযোজ্য নহে	১.এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধন হতে হবে। ২. প্রজনন স্বাস্থ্য, কিশোর-কিশোরী স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা ও কমিউনিটি স্বাস্থ্য উন্নয়ন বিষয়ে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৩. মাঠ পর্যায়ে দক্ষ জনবল ও প্রশাসনিক এবং আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও স্কীম বাস্তবায়নে অগ্রগতি রিপোর্ট প্রদানের সক্ষমতা থাকতে হবে।	বান্দরবান পার্বত্য জেলার জেলা হাসপাতাল/ মা ও শিশু কল্যান কেন্দ্র, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের সাথে এবং কমিউনিটি পর্যায়ে জনপ্রতিনিধি ও মাঠ কর্মীদের সাথে যোগাযোগ রক্ষা করে কাজ করা। নির্বাচিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে/ উপস্বাস্থ্য কেন্দ্রে পদায়নের জন্য মিডওয়াইফ নিয়োগে সহায়তা করা। সিভিল সার্জন, উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পাবলিক হেলথ নার্স ও স্কীম বাস্তবায়ন সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা/সদস্যদের সাথে সমন্বয় করে স্কীমের কাজ বাস্তবায়ন করা। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে আগ্রহী সুবিধা বঞ্চিত নারী শিক্ষার্থীদের সনাক্ত করণ, বৃত্তির জন্য বাছাইকরণ ও তাদের সেবা সংযোগ নিশ্চিত করণ করা। মাঠ পর্যায়ে কমিউনিটি সচেতনতা কর্মসূচি ও বিভিন্ন স্কীম কার্যক্রম বাস্তবায়নে UNFPA, UNDP সহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার আওতায় পরিচালিত এনজিও সমূহের সাথে সমন্বয় সাধন করা। মাঠ পর্যায় হতে স্কীম বাস্তবায়নের তথ্য সংগ্রহ, মনিটরিং ও মূল্যায়ন (M&E) কার্যক্রম পরিচালনা করা। স্কীম বাস্তবায়নের নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত ও জমা প্রদান করা। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।	পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের যেকোন জেলার স্থায়ী বাসিন্দারা আবেদন করতে পারবেন। তবে বান্দরবান জেলার স্থানীয় প্রার্থিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
০২	মিডওয়াইফ	০৮টি	বেতন: মাসিক সর্বসাকুল্যে - ৩৮,৯৬৪/- (আটত্রিশ হাজার নয় শত চৌষট্টি টাকা)	২০/০৪/২০২৬খ্রি তারিখে সর্বোচ্চ ৩২ বছর। অভিজ্ঞতা প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)	১. ০৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারী পরীক্ষায় উত্তীর্ণ এবং বিএনএমসি (BNMC) কর্তৃক স্বীকৃত সার্টিফিকেটধারী/ রেজিস্ট্রার্ড হতে হবে। ২. প্রজনন স্বাস্থ্য, কিশোর-কিশোরীর স্বাস্থ্য, মা ও শিশু স্বাস্থ্যসেবা এবং পরিবার পরিকল্পনা সেবায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বান্দরবান পার্বত্য জেলার সকল উপজেলায় দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে/ ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে দায়িত্ব পালন করা। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।	বান্দরবান জেলাধীন সকল উপজেলার স্থায়ী (মহিলা) বাসিন্দাগণ (দুর্গম এলাকার সুবিধা বঞ্চিত নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে)

শর্তাবলীঃ

১. প্রার্থীদের অবশ্যই আগামী ২০/০৪/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে মাননীয় চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আবেদন করতে হবে (সরাসরি/ডাকযোগে)। অসম্পূর্ন ও ত্রুটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২. প্রার্থীদেরকে আবেদন পত্রের সাথে জীবন বৃত্তান্ত যেখানে স্পষ্টাক্ষরে বাংলায় এনজিও/প্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে), প্রার্থীর নিজ নাম:, পিতার নাম:, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে), মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা, ডাকঘর, পোষ্ট কোড, উপজেলা, জেলা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, জন্ম তারিখ, ধর্ম, বৈবাহিক অবস্থা, ই-মেইল ঠিকানা, মোবাইল নং, জাতীয় পরিচয় পত্রের নম্বর ইত্যাদিসহ আবেদন পত্রে স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয় পত্র ইত্যাদি সনদের কপি দাখিল করতে হবে।

৩. শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত এনজিও প্রতিষ্ঠানকেই স্বাক্ষাৎকারের জন্য যোগাযোগ করা হবে।

৪. মিডওয়াইফ পদে শুধুমাত্র বাছাই তালিকাভুক্ত প্রার্থীদেরকেই নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীর ঠিকানায় যোগাযোগ/ইমেইল/প্রবেশপত্র প্রেরণ করা হবে।

৫. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীকে কোন প্রকার যাতায়াত/আপ্যায়ন ভাতা প্রদান করা হবে না।

৬. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ন বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

৭. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. বিস্তারিত জানার জন্য প্রশাসন বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদে যোগাযোগ করা যেতে পারে।

(অধ্যাপক থানজামা লুসাই)
চেয়ারম্যান
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

স্মারক নং- ২৯.৩৫.০৩০০.০০০.০০৩. ১৪.০২০৮.২৬ : ৩৮২

তারিখ : ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২৬ খিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৩। মহাপরিচালক, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা - ১২১২
৪। পরিচালক (শিক্ষা), বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা – ১২১২
৫। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
৭। নির্বাহী প্রকৌশলী, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
৮। সিভিল সার্জন, বান্দরবান পার্বত্য জেলা
৯। উপপরিচালক, পরিবার পরিকল্পনা, বান্দরবান পার্বত্য জেলা
১০। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং এবং মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা
১১। অধ্যক্ষ, বান্দরবান নার্সিং কলেজ, বান্দরবান পার্বত্য জেলা
১২। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১৩। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ (পরিষদের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)
১৪। ....
১৫। সম্পাদক/জেলা প্রতিনিধি, দৈনিক পূর্বকোণ / নুতন বাংলাদেশ। উক্ত বিজ্ঞপ্তিটি অনুলিপির অংশ বাদে আগামী ০১/৪/২০২৬ তারিখের মধ্যে নুন্যতম (দৈঘ্য ৫ ইঞ্চি ও প্রস্ত ৫.৫ ইঞ্চি) সাইজে একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২ (দুই) কপি এ কার্যালয়ের প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি

২৯/৩/২৬
(মুহাঃ আবুল মনসুর)
নির্বাহী কর্মকর্তা
বান্দরবান পার্বত্য জেলা পরিষদ